

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৪. আল্লাহ ছাড়া অন্য কারও বা কিছুর উদ্দেশ্যে ইলম অন্বেষণকারীর নিন্দা

بَابُ: التَّوْبِيخِ لِمَنْ يَطْلُبُ الْعِلْمَ لِغَيْرِ اللَّهِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ بَشْرٍ، قَالَ: حَدَّثَنِي أَبِي، عَنْ سُفْيَانَ، عَنْ ثَوْبِرٍ، عَنْ يَحْيَى بْنِ جَعْدَةَ، عَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: «يَا حَمَلَةَ الْعِلْمِ اَعْمَلُوا بِهِ، فَإِنَّمَا الْعَالِمُ مَنْ عَمِلَ بِمَا عِلْمٌ وَوَأَفَقَ عِلْمُهُ عَمَلُهُ، وَسَيَكُونُ أَقْوَامٌ يَحْمِلُونَ الْعِلْمَ لَا يُجَاوِزُ تَرَاقِيهِمْ، يُخَالِفُ عَمَلُهُمْ عِلْمَهُمْ، وَتُخَالِفُ سَرِيرَتُهُمْ عَلَانِيَتَهُمْ، يَجْلِسُونَ حِلَقًا فَيَبَاهِي بَعْضُهُمْ بَعْضًا، حَتَّىٰ إِنَّ الرَّجُلَ لَيَغْضَبُ عَلَىٰ جَلِيسِهِ أَنْ يَجْلِسَ إِلَىٰ غَيْرِهِ وَيَدْعُهُ، أُولَٰئِكَ لَا تَصْنَعُدُ أَعْمَالُهُمْ فِي مَجَالِسِهِمْ، تِلْكَ إِلَى اللَّهِ تَعَالَىٰ

بشر بن سلم منكر الحديث وثوير بن أبي فاخته ضعيف ويحيى بن جعدة ما عرفنا له
رواية عن علي فيما نعلم

বাংলা

৩৯৪. ইয়াহইয়া ইবনু জা'দাহ আলী রাহিয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেন, তিনি বলেছেন: হে ইলমের ধারক (আলিম)গণ! তোমরা তোমাদের ইলম অনুযায়ী আমল কর; কেননা, আলিম তো হলেন সেই ব্যক্তি যিনি তার জ্ঞান অনুসারে আমল করেন এবং তার আমল তার ইলমের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। আর অচিরেই এমন এক সম্প্রদায়ের আবির্ভাব হবে, যারা ইলমের ধারক (আলিম) হবে কিন্তু তাদের ইলম তাদের কণ্ঠনালী অতিক্রম করবে না। তাদের আমল হবে তাদের ইলমের বিপরীত। তাদের গোপন বিষয়সমূহ হবে প্রকাশ্য বিষয়সমূহের বিপরীত। তারা গোলাকৃতি হয়ে (হালাকায়) বসে একে অপরের সাথে বিতর্কে লিপ্ত হবে। এমনকি কোনো ব্যক্তি তার নিকট না বসে অন্যের নিকট বসলে সে এতে রাগান্বিত হবে এবং সে তাকে পরিত্যাগ করবে। আর এরা হলো ঐ সকল লোক যাদের সেই সকল মজলিসে কৃত আমলসমূহ আল্লাহ তা'আলা'-র নিকট উঠবে না।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: বাশার ইবনু সালম মুনকারুল হাদীস (হাদীসের ক্ষেত্রে পরিত্যক্ত)। ছাবীর ইবনু আবী ফাখতাহ যয়ীফ। আমরা যতটা জানতে পেরেছি, ইয়াহইয়া ইবনু জা'দাহ কর্তৃক আলী রাদিয়াল্লাহু আনহু থেকে কোনো বর্ণনা আমরা জানতে পারিনি। আল্লাহই সর্বাধিক জানেন।

তাখরীজ: খতীব, ইকতিদাউল ইলমুল আমল নং ৯; আল জামি' নং ৩২১; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ১২৩৬ এর টীকায় সংযোজন করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69705>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন